

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৭

পরিচ্ছেদঃ সিজদা থেকে কিভাবে দাঁড়াবে?

باب مَا جَاءَ كَيْفَ النُّهُوضُ مِنَ السُّجُودِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، أَخْبَرَنَا هُشَيْمٌ، عَنْ خَالِدِ الْحَذَّاءِ، عَنْ أَبِي قِلاَبَةَ، عَنْ مَالِكِ بْنِ الْحُويْرِثِ اللَّيْثِيِّ، أَنَّهُ رَأَى النَّبِيَّ صلى الله عليه وسلم يُصلِّي فَكَانَ إِذَا كَانَ فِي وِتْرٍ مِنْ صَلَاتِهِ لَمْ يَنْهَضْ حَتَّى يَسْتَوِيَ جَالِسًا . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ مَالِكِ بْنِ الْحُويْرِثِ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَيْهِ عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ . وَبِهِ يَقُولُ إِسْحَاقُ وَبَعْضُ أَصْحَابِنَا . وَمَالِكٌ يُكْنَى أَبًا سُلَيْمَانَ .

বাংলা

২৮৭. আলী ইবনু হুজর (রহঃ) মালিক ইবনু হুওয়রিছ আল লায়ছী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে সালাত আদায় করতে দেখেছেন। তিনি যখন বেজোড় রাক'আতের সিজাদ থেকে উঠতেন তখন সোজা হয়ে না বসে উঠতেন না। - ইরওয়া ২/৮২-৮৩, সিফাতুস সালাত ১৩৬, বুখারি, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮৭ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ মালিক ইবনু হুওয়ায়রিছ রাদিয়াল্লাহু আনহ বর্ণিত হাদিসটি হাসান ও সহীহ। আলিমগণের কেউ কেউ এই হাদিস অনুসরে আমল করেছেন। ইমাম ইসহাক (রহঃ) এবং আমাদের উস্তাদগণেরও কারো কারো অভিমত এ-ই। মালিক (রহঃ) এর কুনিয়াত বা উপনাম হল আবৃ সুলায়মান।

English

Malik bin Al-Huwairith Al-Laithi narrated that he saw : Allah's Messenger performing Salat. When he was in an odd number of his Salat, he would not get up until he had sat completely.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মালিক ইবনু হুয়াইরিস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন